**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২২১/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ১৪ মে ২০১৮, ৩১ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অভ্যন্তরীণ এবং বৈদেশিক যে কোনো হুমকি মোকাবিলায় সতর্ক থাকুন : সেনাসদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

২। স্যাটেলাইট উৎক্ষেপণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

৩। স্যাটেলাইট উৎক্ষেপণের সাফল্যে ফ্রান্সের অভিনন্দন
গ্রাউন্ড স্টেশনে সিগন্যাল দিয়ে এগোচ্ছে কক্ষপথে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১

৪। দেশের যে অগ্রগতি তা কৃষির মাধ্যমেই : প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী

৫। রমজানে সংকট সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা: ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে বাণিজ্যমন্ত্রী

৬। ফেনীতে ২৫ দিনের মধ্যে রেল ওভারপাসের নির্মাণ শেষ হবে : সড়কমন্ত্রী
কোটা ইস্যুতে প্রধানমন্ত্রীর ঘোষণায় আস্থা রাখার আহ্বান সড়কমন্ত্রীর

৭। যথাসময়েই অনুষ্ঠিত হবে আগামী নির্বাচন : তথ্যমন্ত্রী

৮। একজন মায়ের ঠিকানাও যেন বৃদ্ধাশ্রম না হয় : 'মা দিবসের' অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

৯। বিদেশি দূতাবাসের সামরিক কর্মকর্তাগণ রোহিঙ্গা শিবির পরিদর্শনে যাচ্ছেন আজ

১০। বাংলাদেশের উন্নয়ন নিয়ে হার্ভার্ডে দিনব্যাপী সম্মেলন

১১। পদ্মাসেতুতে বসল চতুর্থ স্প্যান

চলমান পাতা-২

১। **অভ্যন্তরীণ এবং বৈদেশিক যে কোনো হুমকি মোকাবিলায় সতর্ক থাকুন : সেনাসদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সংবিধান ও সার্বভৌমত্ব রক্ষায় সদা সতর্ক থেকে অভ্যন্তরীণ এবং বৈদেশিক হুমকি মোকাবিলার জন্য বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, পবিত্র সংবিধান এবং দেশমাতৃকার সার্বভৌমত্ব রক্ষা করার জন্য আপনাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৩ মে রোববার) দেশের বিভিন্ন সেনানিবাসে ২৭টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে একথা বলেন। ঢাকা সেনানিবাস থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি এসব প্রকল্পের উদ্বোধন করেন। প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- ঢাকা সেনানিবাসে ক্যান্সার সেন্টার, ফার্টিলিটি সেন্টার, এডিবল ওয়েল মিল এবং বিভিন্ন সেনানিবাসে সেনা সদস্যদের জন্য ব্যারাক, সেনাছাউনি, প্রশিক্ষণ এবং আবাসন প্রকল্পসমূহ। বাংলাদেশ সেনাবাহিনীকে 'দেশের সম্পদ' এবং মানুষের 'ভরসা ও বিশ্বাসের মূর্ত প্রতীক' আখ্যায়িত করে প্রধানমন্ত্রী বলেন, 'তাই পেশাদারিত্বের কাঙ্খিত মান অর্জনের জন্য আপনাদের সকলকে পেশাগতভাবে দক্ষ, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে সৎ এবং কল্যাণময় জীবনের অধিকারী হতে হবে।' সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

২। **স্যাটেলাইট উৎক্ষেপণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

দেশের প্রথম যোগাযোগ স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ এর সফল উৎক্ষেপণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৩ মে রোববার) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমুদ্র বিজয়ের পর মহাকাশ বিজয়ের এ বিরল কৃতিত্ব অর্জনে বিকেলে ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর প্রধানমন্ত্রী এ বাঙালি জাতিরাষ্ট্রের মহান স্থপতির প্রতি সম্মান জানাতে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। পরে প্রধানমন্ত্রী দলের সিনিয়র নেতা-কর্মীদের নিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলের পক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে আরেকটি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৩। **দেশের যে অগ্রগতি তা কৃষির মাধ্যমেই : প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, কৃষি ও কৃষক বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি। স্বাধীনতার পর থেকে এখন পর্যন্ত বাংলাদেশের যে অগ্রগতি হয়েছে, তা কৃষির মাধ্যমেই হয়েছে। আমাদের জমি কমে গেলেও উৎপাদন বেড়েছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। গতকাল (১৩ মে রোববার) রাজধানীর খামারবাড়ির বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে 'মিসিং মিডল ইনিশিয়েটিভ : বাংলাদেশ কৃষক সংগঠনের জন্য আর্থিক সেবা বৃদ্ধিকরণ প্রকল্প'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গ্লোবাল এগ্রিকালচার অ্যান্ড ফুড সিকিউরিটি প্রোগ্রাম এর অর্থায়নে ২০ কোটি টাকার এ প্রকল্পের মেয়াদ তিন বছর। দেশের ৫৫টি কৃষক সংগঠন এ প্রকল্প বাস্তবায়নে যৌথভাবে কাজ করবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৪। **রমজানে সংকট সৃষ্টি করলে কঠোর ব্যবস্থাঃ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে বাণিজ্যমন্ত্রী**

দেশে চাহিদার তুলনায় কয়েকগুণ বেশি নিত্যপণ্যের মজুদ রয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আসন্ন পবিত্র রমজানে কোনো পণ্যের সংকট হবার সম্ভাবনা নেই। যদি অসৎ উদ্দেশ্যে কেউ পণ্যের কৃত্রিম সংকট বা মূল্য বৃদ্ধির চেষ্টা করে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (১৩ মে রবিবার) সচিবালয়ে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ে ব্যবসায়ীদের সঙ্গে এক পর্যালোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র–**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৫। **ফেনীতে ২৫ দিনের মধ্যে রেল ওভারপাসের নির্মাণ শেষ হবে : সড়কমন্ত্রী**
**কোটা ইস্যুতে প্রধানমন্ত্রীর ঘোষণায় আস্থা রাখার আহ্বান সড়কমন্ত্রীর**

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ক্রমাগত যানজটের জনভোগান্তিতে দুঃখপ্রকাশ করেছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ঈদের সময় ভোগান্তি আর থাকবে না। আর কয়েকটি দিন ধৈর্য ধরে অপেক্ষা করার অনুরোধ জানিয়েছেন তিনি। মহাসড়কে ফেনীতে রেল ওভারপাস নির্মাণের জন্য ক্রমাগত যানজটের ভোগান্তির সৃষ্টি হচ্ছে। আগামী ২৫ দিনের মধ্যে ওভারপাসের নির্মাণ কাজ শেষ হবে। গতকাল ১৩ (মে রোববার) সচিবালয়ে সড়ক ও সেতু মন্ত্রণলয়ের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি কথা বলেন। মন্ত্রী এ সময় কোটা প্রসঙ্গে

আন্দোলনকারীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আস্থা রাখার আহ্বান জানিয়েছেন। কোটা পদ্ধতি বাতিলে প্রধানমন্ত্রীর জাতীয় সংসদে ঘোষণা দেয়ার পরেও গেজেট প্রকাশের দাবিতে পুনরায় আন্দোলনের হুমকি সমীচীন নয় বলে মন্তব্য করেছেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক. ২), **সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮)।

**৬। স্যাটেলাইট উৎক্ষেপণের সাফল্যে ফ্রান্সের অভিনন্দন**
**গ্রাউন্ড স্টেশনে সিগন্যাল দিয়েই এগোচ্ছে কক্ষপথে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণে বাংলাদেশকে অভিনন্দন জানিয়েছে ফ্রান্স। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এই স্যাটেলাইট উৎক্ষেপণের মধ্য দিয়ে বাংলাদেশ নতুন যুগে প্রবেশ করেছে বলেও মনে করে দেশটি। গতকাল (১৩ মে রোববার) ঢাকার ফ্রান্স দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

সঠিক নিয়মে, সঠিকভাবেই কক্ষপথে নিজের অবস্থানের দিকে এগিয়ে যাচ্ছে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১। গাজীপুর গ্রাউন্ড স্টেশনে সিগন্যাল দিয়েই এগুচ্ছে কক্ষপথে। বাংলাদেশের জন্য নির্ধারিত **১১৯** দশমিক **১** ডিগ্রি দ্রাঘিমাংশে অবস্থান নেবে এ স্যাটেলাইট। পুরোপুরি প্রস্তুত হয়ে সেবা দিতে কমপক্ষে তিন মাস লেগে যেতে পারে। আর বাংলাদেশের নিয়ন্ত্রণ পেতে লাগবে ২০ দিন। গতকাল (১৩ মে রোববার) টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বঙ্গবন্ধু স্যাটেলাইটের অবস্থান সম্পর্কে বলেছেন, লক্ষ্যের দিকে অগ্রসর হচ্ছে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১। এখনো কোনো জটিলতা দেখা যায়নি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**৭। যথাসময়েই অনুষ্ঠিত হবে আগামী নির্বাচন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, আগামী জাতীয় নির্বাচন যথাসময়েই অনুষ্ঠিত হবে। গতকাল (১৩ মে রোববার) নরসিংদীর পলাশ উপজেলার ঘোড়াশালে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশে আর রাজাকারের সরকার হতে দেওয়া হবে না। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

**৮। একজন মায়ের ঠিকানাও যেন বৃদ্ধাশ্রম না হয় : 'মা দিবসের' অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সমাজের সব সন্তানের কাছে প্রত্যাশা একজন মায়ের ঠিকানাও যেন বৃদ্ধাশ্রম না হয়। সন্তানের প্রতি মায়ের ত্যাগ, ভালবাসার বহিঃপ্রকাশ ঘটে বলেই আমরা সমাজে প্রতিটি ক্ষেত্রে এক একজন সফল ব্যক্তিত্ব। গতকাল (১৩ মে রোববার) রাওয়া কনভেনশন হলে 'বিশ্ব মা দিবস-২০১৮' উপলক্ষে ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ হাসপাতাল আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিভিন্ন অঙ্গনে প্রতিষ্ঠিত সন্তানদের ১০ মাকে দেওয়া হয় রত্নগর্ভা 'গরবিনি মা' শীর্ষক পুরস্কার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

**৯। বিদেশি দূতাবাসের সামরিক কর্মকর্তাগণ রোহিঙ্গা শিবির পরিদর্শনে যাচ্ছেন আজ**

বাংলাদেশ সরকার ঢাকায় বিভিন্ন দেশের দূতাবাসের সামরিক কর্মকর্তাদের রোহিঙ্গা শিবিরগুলোর অবস্থা দেখাতে আজ (১৪ মে সোমবার) কক্সবাজারে নিয়ে যাচ্ছে। সশস্ত্রবাহিনীর তত্ত্বাবধানে যুক্তরাষ্ট্র, রাশিয়া, ভারত, পাকিস্তান, তুরস্ক, ফ্রান্স, অস্ট্রেলিয়া, কানাডা এবং সৌদি আরবসহ ১৪টি দেশের মিলিটারি এটাশেদের আজ কক্সবাজারে রোহিঙ্গা শিবিরে পরিদর্শনে নেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। বাংলাদেশের উন্নয়ন নিয়ে হার্ভার্ডে দিনব্যাপী সম্মেলন**

বিনিয়োগের জন্য বাংলাদেশ এখন অমিত সম্ভাবনার দেশ। প্রবাসে বসবাসরত বাংলাদেশি প্রকৌশলী, বিজ্ঞানী এবং উদ্যোক্তাদের এখন ইউরোপ আমেরিকা ছেড়ে নিজ দেশে ফিরে যাওয়ার সময় এসেছে। বাংলাদেশের উন্নয়ন নিয়ে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সম্মেলনে বক্তারা এসব কথা বলেছেন। গত **১২** মে শনিবার যুক্তরাষ্ট্রের বোস্টনে অবস্থিত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে 'বাংলাদেশ রাইজিং ২০১৮' শীর্ষক এ সম্মেলন। সম্মেলনটি যৌথভাবে আয়োজন করে বোস্টনভিত্তিক গবেষণা সংস্থা ইন্টারন্যাশনাল সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের কেনেডি স্কুলের 'সেন্টার ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট'। সম্মেলনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হওয়ার যে লক্ষ্য নির্ধারণ করেছে, সেটি পূরণ করতে হলে ৬০ গিগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন হবে। এ জন্য এ খাতে সাড়ে ৮২ বিলিয়ন ডলার বিনিয়োগ লাগবে। তাই তিনি এ খাতে বিনিয়োগের জন্য

উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানান। সম্মেলনে আন্তর্জাতিক উন্নয়নে অংশীদার ও সংস্থার প্রতিনিধি, হার্ভার্ড বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক গবেষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা অংশ নেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৫,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**১১। পদ্মাসেতুতে বসল চতুর্থ স্প্যান**

নির্মাণাধীন পদ্মাসেতুতে গতকাল (১৩ মে রোববার) চতুর্থ স্প্যান বসানো হয়েছে। এর মধ্যে দিয়ে ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ এ সেতুর ৬০০ মিটার দৃশ্যমান হলো। গত ১২ শনিবার স্প্যানটি জাজিরা প্রান্তে পৌছায়। গতকাল (১৩ মে রোববার) ভোরে ভাসমান ক্রেন দিয়ে ১৫০ মিটার দীর্ঘ স্প্যানটি বসানোর কাজ শুরু হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** যাত্রী নিরাপত্তা বাড়ানো এবং যৌন হয়রানি প্রতিরোধে গণপরিবহণে জরুরি সেবার জাতীয় হেল্পডেস্ক নম্বর ৯৯৯ প্রদর্শন বাধ্যতামূলক করাকে স্বাগত জানিয়ে দ্রুত তা বাস্তবায়ন কামনা।

খ. **ইত্তেফাক :** নানা কারণে রাজধানীর বৃহদাকার বৃক্ষগুলোর নাজুক অবস্থার কারণে ঘনঘন ঝড়-বৃষ্টিতে দুর্ঘটনার আশঙ্কা প্রকাশ করে ঝুঁকিপূর্ণ গাছগুলো শনাক্ত করে যথাযথ ব্যবস্থা নেয়ার সুপারিশ।

গ. **সংবাদ, বণিক বার্তা :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দু'দিকে গত দুইদিনে ১২০ কিলোমিটার দীর্ঘ যানজটের সৃষ্টি হওয়ায় এ অবস্থা নিরসনে টোল আদায়ে আধুনিক পদ্ধতি চালুসহ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** রাজধানীর বিভিন্ন বাসস্ট্যান্ডে বা প্রবেশপথে চলাচলকারী বাসগুলোর কাছ থেকে অর্থ আদায়কারী চাঁদাবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবি।

ঙ. **প্রথম আলো :** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় পরিচালিত এক অভিযানে ১৮টি বাড়ির মধ্যে ১১টি বাড়িতে এডিস মশার লার্ভা পাওয়ার বিষয়টি আমলে নিয়ে মশার লার্ভা ও প্রজননস্থল ধ্বংসে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর মুগদাপাড়ায় পোস্ট গ্রাজুয়েট নার্সিং এডুকেশন ইন্সটিউশনের স্থাপনের বিষয় তুলে ধরে দেশে সরকারি ব্যবস্থাপনায় আরো নার্সিং কলেজ ও ইন্সটিটিউট স্থাপনের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** বাংলাদেশি চিকিৎসকরা রোগী দেখায় ৫০ সেকেন্ডের কম সময় ব্যয় করার পরিপ্রেক্ষিতে রোগীদেখার আরও সময় বাড়ানো ও মনোযোগ প্রদানের দ্বারা ডাক্তারদের তাদের কাজের প্রতি সততা ও নিষ্ঠা নিশ্চিত করার আহ্বান।

জ. **ডেইলি স্টার :** গাজীপুরে স্টেডিয়াম ও কক্সবাজারের মহেশখালীতে জ্বালানি সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নে তিন হাজার গাছ কাটার জন্য বন মন্ত্রণালয়ের উদ্যোগের পরিপ্রেক্ষিতে পরিবেশের ক্ষতি না করে উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন করার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** পণ্যবাহী যানবাহনে দ্বিগুণেরও বেশি পণ্যবোঝাই করায় ট্রাক ও কাভার্ড ভ্যানে পণ্য পরিবহণের নিয়মনীতি কঠোরভাবে নজরদারি করার আহ্বান।

ঞ. **অবজারভার :** বঙ্গবন্ধু স্যাটেলাইট–১ এর সফল উৎক্ষেপণে বাংলাদেশের স্পেস টেকনোলজিতে এগিয়ে যাওয়ার সাফল্য তুলে ধরে রাজনৈতিক ভেদাভেদ ভুলে সবাইকে এ সাফল্যের সুযোগ কাজে লাগানোর প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে যথাযথ ব্যবস্থা গ্রহণের ব্যাপারে যেমন গতিশীলতা দরকার, তেমনি তারা যাতে প্রত্যাবাসিত হওয়ার পর একটি রাষ্ট্রের নাগরিকের সব রকম মর্যাদা ও অধিকার ভোগ করতে পারে তা নিশ্চিতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'মহাকাশে বাংলার নতুন ঠিকানা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শুধু কারিগরি বা ব্যবসার দিক থেকে নয়, দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের জন্য গর্বেরও বিষয়।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা